

ঢাকা ওয়াসা

- ২/ ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ২/ আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট।
 ৬/ আলোচ্য কাজের জন্য সংগৃহীত কোটেশন দরের কপি।
 ৪/ আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Disassembling, repairing, cleaning, servicing & installation of 5000ml hot runner pre-form injection mould related works কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৩ দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট একটি জনগুরুত্বপূর্ণ জনসেবামূলক বাণিজ্যিক প্রতিষ্ঠান। “শান্তি” বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের মাধ্যমে ২৫০ মি:লি:, ০.৫ লিটার, ১.০ লিটার, ১.৫ লিটার, ২.০ লিটার, ৫ লিটার সাইজের বোতলজাত পানি উৎপাদন ও বিক্রয় এবং ২০ লিঃ জারে পানি ফিলিং ও বিক্রয় করা হয়। অত্র প্ল্যান্ট হতে ৫ লিটার সাইজের বোতল পানির চাহিদা অনেক বৃদ্ধি পেয়েছে এবং চাহিদা মোতাবেক সরবরাহ করা হচ্ছে। সম্প্রতি ৫ লিটার সাইজ প্রি-ফর্ম মোল্ডের ক্যাভিটি সমূহ নানাবিধ ত্রুটির কারণে মাঝেমাঝে বন্ধ হয়ে যায়। বর্ণিত প্রিফর্ম মোল্ডের ক্যাভিটি সমূহ বহু পুরাতন হওয়ায় ইনজেকশন মেশিনের সম্পূর্ণ ক্যাপাসিটির উপযোগী প্রি-ফর্ম উৎপাদন পাওয়া দুর্লভ/অসম্ভব হয়ে পড়েছে। বর্তমানে ইনজেকশন মেশিন হতে প্রিফর্ম উৎপাদন কমে যাওয়ায় চাহিদা অনুযায়ী উৎপাদন করা সম্ভব হচ্ছে না। জরুরি ভিত্তিতে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ৫ লিটার সাইজের বোতলজাত পানি উৎপাদন চাহিদা অনুযায়ী উৎপাদন করা প্রয়োজন।

০২। তাই প্ল্যান্টের উৎপাদন সচল রাখার স্বার্থে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশনের (ক্রমিক-২ দ্রঃ) উপর ভিত্তি করে প্রাক্কলন তৈরী করা হয়েছে (ক্রমিক-৩ দ্রঃ)। আলোচ্য কাজে ব্যয়ের পরিমাণ ২৪,৫০০.০০০/- (চব্বিশ হাজার পাঁচশত দশমিক শূন্য টাকা মাত্র) টাকা। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Bottle Plant Maintenance (01-04-012) খাতের আওতায় SL. No-45 হতে নির্বাহ করা যেতে পারে। DoFP অনুযায়ী অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৩। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট PPA-2006 এবং বিধিমালা PPR-2025 এর ১০০(১) বিধি অনুসরণে সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। পরবর্তীতে আলোচ্য কাজের প্রকৃত ব্যয় সমূহ ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

০৪। এমতাবস্থায় উপরোক্ত অনুচ্ছেদ নং - ০১ হতে ০৩ এর বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে Disassembling, repairing, cleaning, servicing & installation of 5000ml hot runner pre-form injection mould related works কাজটির উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে।

ক। উল্লিখিত কাজে ২৪,৫০০.০০০/- (চব্বিশ হাজার পাঁচশত দশমিক শূন্য টাকা মাত্র) টাকা প্রাক্কলনটির অনুমোদন।

খ। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৫-২৬ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার Bottle Plant Maintenance (01-04-012) খাতের আওতায় SL. No-45 হতে নির্বাহ করার অনুমোদন।

গ। উক্ত কাজটি উপরোক্ত শর্তাবলীসহ PPR-2025 এর ১০০(১) বিধি অনুসরণে সরাসরি নগদ ক্রয় পদ্ধতি এর মাধ্যমে সম্পন্নের অনুমোদন।

ঘ। সংশ্লিষ্ট কাজের প্রকৃত ব্যয় সমূহ ভাউচারের মাধ্যমে সমন্বয়ের কাজটি Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

19/5/2026

19-05-2026

19/5/26

CE/58

মোহাম্মদ তৈয়ব উদ্দিন মোহাম্মদ রাকিব সাদমান প্রকৌশলী মোঃ জয়নাল আবদীন
উপ-সহকারী প্রকৌশলী সহকারী প্রকৌশলী প্ল্যান্ট ম্যানেজার
বোপাউপ্তা, ঢাকা ওয়াসা। বোপাউপ্তা, ঢাকা ওয়াসা। বোপাউপ্তা, ঢাকা ওয়াসা।

০৫। স্বাক্ষর অনুমোদিত,

৪৫৮, ৪৫৮

11/05/26

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।